♣ উত্তরপত্র

প্রাইমারি শিক্ষক নিয়োগ - ২০২২ (১ম ধাপ)

Total questions : 80 Total marks : 80

---

1) দুইটি সংখ্যার অনুপাত ৫ : ৮। উভয়ের সাথে ২ যোগ করলে অনুপাতটি ২ : ৩ হয়। সংখ্যা দুটি কী কী?

1)
১২ ও ১৮

2)
১০ ও ২৪

✔ 3)
১০ ও ১৬

4)
৭ ও ১১

ব্যাখ্যা : মনে করি,
একটি সংখ্যা ৫x
অপর সংখ্যা ৮x
প্রশ্ন মতে,
(৫x + 2)/(৮x + 2) = 2ঃ৩
বা, (৫x + 2)/(৮x + ২) = ২/৩
বা, ১৬x + ৪ = ১৫x + ৬
সুতরাং, x = ২
একটি সংখ্যা - ৫*২ = ১০
অপর সংখ্যা = ৮*২ = ১৬

Hello BCS

2) The correct spelling is —

✔ 1)
Assignment

2)
Assignement

3)
Asignment

4)

Asignmment

ব্যাখ্যা : Assignment:
Assignment শব্দটি একটি Noun.
এর অর্থ হচ্ছে — কাজ ; বণ্টন ; নিয়োগ ইত্যাদি।

3) I water the plants. The word 'water' is used as —

✔ 1)
Verb

2)
Adverb

3)
Noun

4)
Pronoun

ব্যাখ্যা : Verb:
প্রতিটি বাক্যের অপরিহার্য অংশ হলো 'verb' বা 'ক্রিয়াপদ'।
"I water the plants" বাক্যটিতে 'water' শব্দটি দ্বারা পানি দেয়ার কাজকে বোঝানো হয়েছে। তাই এই বাক্যে 'water' শব্দটি 'Verb' হিসেবে ব্যবহৃত হয়েছে।

Hello BCS

4) There is _________ milk in the bottle.

1)
very little

2)
small

3)
very few

✔ 4)
a little

ব্যাখ্যা : A Few / A Little:
অল্প কয়েকটি অর্থে Countable noun এর পূর্বে a few বসে এবং অল্প একটু বা সামান্য পরিমাণ অর্থে Uncountable এর পূর্বে a little বসে।

উদাহরণ :
I have a few books on my bookshelf.
I still have a little money in my pocket.
There is a little milk in the bottle.
He has a few friends, but they can do him a little help.

5) He came to Dhaka with a view to ________ a new place.

1)
watch

2)
look

3)
visit

✔ 4)
visiting

ব্যাখ্যা : With a view to / Look Forward to:
'With a view to' এবং 'Look forward to' এর পর verb এর সাথে ing যোগ হবে।
উদাহরণ :
He came to Dhaka with a view to visiting a new place.
I look forward to hearing from you soon.

6) Remove শব্দটির Noun —

1)
Remove

✔ 2)
Removal

3)
Re-movement

4)
Removing

ব্যাখ্যা : Remove:
Remove শব্দটি একটি Verb.

Hello BCS

এর অর্থ হচ্ছে — অপসারণ ; সরান ; বহিস্কার করা ইত্যাদি।
এর Noun হচ্ছে — Removal.

7) Agomony school is one of the best _________ in the city.

1)
school

✔ 2)
schools

3)
of it

4)
high school

ব্যাখ্যা : One of the / Some of the:
'One of the' এবং 'Some of the' এর পর সর্বদা Plural Verb বসে। তবে 'One of the' এর পর সর্বদা 'plural noun + singular verb' ব্যবহার করতে হবে, কিন্তু 'Some of the' এর পর সর্বদা 'plural noun + Plural verb' ব্যবহার করতে হবে।
উদাহরণ :
Agomony school is one of the best school in the city.
One of my students has failed in the examination.
One of the boys is intelligent.
Some of your problems have been solved.
Some of the boys are intelligent.

Hello BCS

8) Are you doing anything special ____ the weekend?

1)
by

2)
in

✔ 3)
at

4)
on

ব্যাখ্যা : 'At' এর ব্যবহার :
কোন কিছু সংঘটিত হওয়ার নির্দিষ্ট সময় বোঝাতে 'At' ব্যবহৃত হয়।
উদাহরণ :
Are you doing anything special at the weekend?
The match will be started at evening.

9) Change the voice: "Where did you see him?"

1)
Where he was seen by you?

✔ 2)
Where was he seen by you?

3)
Where did he seen by you?

4)
Where was he see by you?

ব্যাখ্যা : এটি একটি interrogative sentence এর passive structure হলো-
WH+be verb+ object এর subject form + v_3 + preposition + subject এর object form.
Example : Where was he seen by you?

Hello BCS

10) 'Leave no stone unturned' means —

✔ 1)
try every possible means

2)
heavy stone

3)
rare stone

4)
impossible

ব্যাখ্যা : Leave no stone unturned:
'Leave no stone unturned' অর্থ সম্ভাব্য সকল উপায়ে চেষ্টা করা।
সাধারণত চেষ্টায় কোন ত্রুটি না থাকা বোঝাতে এ Phrase টি ব্যবহৃত হয়।

11)
'To break the ice' means —

1)
to end the hostility

2)
to end up partnership

3)
to start quarreling

✔ 4)
to start a conversation

ব্যাখ্যা : To break the ice:
'To break the ice' অর্থ নীরবতা ভঙ্গ করা।
সাধারণত নীরবতা ভেঙ্গে কোন আলোচনা শুরু হওয়া বোঝাতে এ Phrase টি ব্যবহৃত হয়।

12) Learn the poem _______ heart.

✔ 1)
by

2)
within

3)
in

4)
with

ব্যাখ্যা : Learn by heart:
'Learn by heart' অর্থ মুখস্থ করা ; কণ্ঠস্থ করা ইত্যাদি।
উদাহরণ :
Learn the poem by heart.
Our instructor told me to learn my speech by heart.

13) If the price is low, demand —

1)

Hello BCS

will be increased.

✔ 2)
will increase.

3)
is increased.

4)
would be increased.

ব্যাখ্যা : First Conditional Sentence:
'First Conditional Sentence' এ সাধারণত 'If + Present Indefinite Tense + Future Indefinite Tense' হয়। উদাহরণ :
If the price is low, demand will increase.
If it rains today, I shall not go to the market.
If I have time, I will come.
If you waste your time here, you will miss the train.

Hello BCS

14) Choose the correct spelling —

1)
Achievment

2)
Acheivment

✔ 3)
Achievement

4)
Achevement

ব্যাখ্যা : Achievement:
Achievement শব্দটি একটি Noun.
এর অর্থ হচ্ছে — অর্জন ; কৃতিত্ব ; সাধন ইত্যাদি।

15)
Which of the following is the correct sentence?

1)
He has said which is right.

✔ 2)
What has he said is right.

3)
What he has said is right.

4)
He has said that what is right.

ব্যাখ্যা : What he has said is right (সে যা বলেছে তা সঠিক)।
কোনো বাক্য যদি what clause দিয়ে শুরু হয়, তাহলে দুটি clause - ই একটি করে verb থাকবে।
আর যেহেতু বাক্যটি প্রশ্নবোধক না সেহেতু auxiliary verb টি subject এর পূর্বে যাবে না।

16) What is an epic?

1)
a novel

✔ 2)
a long poem

3)
a long prose composition

4)
a romance

Hello BCS

ব্যাখ্যা :

Epic is a long poem, typically one derived from ancient oral tradition, narrating the deeds and adventures of heroic or legendary figures or the past history of a nation.

17) The principal will ____________ the answer scripts.

1)
look into

✔ 2)
look over

3)
look for

4)
look at

ব্যাখ্যা : Look over:
'Look over' অর্থ পরীক্ষা করা ; যাচাই করা ইত্যাদি।
উদাহরণ :
The principal will look over the answer scripts.
Let me look over my class schedule.
We must look over the apartment before we decide to rent it.

18) If I _____ you, I would not have done this.

1)
are

2)
was

3)
am

✔ 4)
were

Hello BCS

ব্যাখ্যা : If + subject + were:
Conditional Sentence এর ক্ষেত্রে 'If + subject + were' দ্বারা এমন ঘটনাকে বোঝায় যা অবাস্তব এবং কখনো ঘটার সম্ভাবনা নেই।
উদাহরণ :
If I were you, I would not have done this.
If I were a bird, I could fly in the blue sky.
I wish I were a king

19) 'Once in a blue moon' means —

1)
hourly

2)
always

✔ 3)
very rarely

4)
nearly

ব্যাখ্যা : Once in a blue moon:
'Once in a blue moon' অর্থ কালেভদ্রে।
একদমই দেখা যায় না এমন বোঝাতে এ Phrase টি ব্যবহৃত হয়।

20) I look forward to —

1)
have heard from you soon.

2)
see you soon.

3)
hear for you soon.

✔ 4)
hearing from you soon.

ব্যাখ্যা : With a view to / Look Forward to:
'With a view to' এবং 'Look forward to' এর পর verb এর সাথে ing যোগ হবে।
উদাহরণ :
He came to Dhaka with a view to visiting a new place.
I look forward to hearing from you soon.

21) Choose the correctly spelt word —

1)
Buro

2)
Beauro

✔ 3)
Bureau

4)
Burough

Hello BCS

ব্যাখ্যা : Bureau:
Bureau শব্দটি একটি Noun।
এর অর্থ হচ্ছে — অফিস ; দপ্তর ; কার্যালয় ইত্যাদি।

22) কোন অঞ্চলের ঘূর্ণিঝড়কে হ্যারিকেন নামে অভিহিত করা হয়?

1)
মধ্যপ্রাচ্য

2)
দূরপ্রাচ্য

✔ 3)
আমেরিকা

4)
দক্ষিণ এশিয়া

ব্যাখ্যা :

অঞ্চলভেদে নামকরণ :
‘হারিকেন’ বলা হয় সেসব ঘূর্ণিঝড়কে, যেগুলো উৎপন্ন হয় উত্তর আটলান্টিক, উত্তর-পূর্ব প্রশান্ত, ক্যারিবিয়ান সমুদ্র ও মেক্সিকো উপসাগরীয় অঞ্চলে।

Hello BCS

অন্যদিকে উত্তর-পশ্চিম প্রশান্ত সমুদ্র অঞ্চলঘেঁষা এশিয়ায় সৃষ্ট ঘূর্ণিঝড়গুলোকে বলা হয় ‘টাইফুন’।

23) টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (SDG) তে অভিষ্ঠ কয়টি?

1)
৩০

✔ 2)
১৭

3)
১৯

4)
২৩

ব্যাখ্যা : লক্ষ্য ১ : দারিদ্র্য বিলোপ এসডিজি ১ হলো "সর্বত্র সব ধরনের দারিদ্র্যের অবসান"।
লক্ষ্য ২ : ক্ষুধা মুক্তি।

লক্ষ্য ৩ : সুস্বাস্থ্য ও কল্যাণ এসডিজি ৩ হলো "সকল বয়সী সকল মানুষের জন্য সুস্বাস্থ্য নিশ্চিতকরণ"
লক্ষ্য ৪ : গুনগত শিক্ষা এসডিজি ৪ হলো " সকলের জন্য অন্তর্ভূক্তিমূলক ও সমতাভিত্তিক গুনগত শিক্ষা নিশ্চিতকরণ এবং জীবনব্যাপী শিক্ষা লাভের সুযোগ সৃষ্টি "।
লক্ষ্য ৫ : লিঙ্গ সমতা এসডিজি ৫ হলো " লিঙ্গ সমতা অর্জন এবং সকল নারী ও মেয়েদের ক্ষমতায়ন "।
লক্ষ্য ৬ : নিরাপদ পানি ও পয়ঃনিষ্কাশন এসডিজি ৬ হলো "সকলের জন্য পানি ও স্যানিটেশনের টেকসই ব্যবস্থাপনা ও প্রাপ্যতা নিশ্চিত করা "।
লক্ষ্য ৭ : সাশ্রয়ী ও দূষণমুক্ত জ্বালানি এসডিজি ৭ হলো " সকলের জন্য সাশ্রয়ী, নির্ভরযোগ্য, টেকসই ও আধুনিক জ্বালানি সহজলভ্য করা "।
লক্ষ্য ৮ : শোভন কাজ ও অর্থনৈতিক প্রবৃদ্ধি এসডিজি ৮ হলো "সকলের জন্য পূর্নাঙ্গ ও উৎপাদনশীল কর্মসংস্থান এবং শোভন কর্মসুযোগ সৃষ্টি এবং স্থিতিশীল, অন্তর্ভক্তিমূলক ও টেকসই অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জন "।
লক্ষ্য ৯ : শিল্প, উদ্ভাবন ও অবকাঠামো এসডিজি ৯ হলো "অভিঘাতসহনশীল অবকাঠামো নির্মাণ, অন্তর্ভুক্তিমূলক ও টেকসই শিল্পায়নের প্রবর্ধন এবং উদ্ভাবনার প্রসারণ"।
লক্ষ্য ১০ : অসমতার হ্রাস অন্তঃ ও আন্তঃ দেশীয় অসমতা কমিয়ে আনা
লক্ষ্য ১১ : টেকসই নগর ও জনপদ এসডিজি ১১ হলো "অন্তর্ভুক্তিমূলক, নিরাপদ, অভিঘাতসহনশীল এবং টেকসই নগর ও জনবসতি গড়ে তোলা"।
লক্ষ্য ১২ : পরিমিত ভোগ ও টেকসই উৎপাদন এসডিজি ১২ হলো "পরিমিত ভোগ ও টেকসই উৎপাদনধরন নিশ্চিত করা"।
লক্ষ্য ১৩ : জলবায়ু কার্যক্রম এসডিজি ১৩ হলো "জলবায়ু পরিবর্তন ও এর প্রভাব মোকাবেলায় জরুরি কর্মব্যবস্থা গ্রহণ"।
লক্ষ্য ১৪ : জলজ জীবন এসডিজি ১৪ হলো "টেকসই উন্নয়নের জন্য সাগর, মহাসাগর ও সামুদ্রিক সম্পদের সংরক্ষণ ও টেকসই ব্যবহার"।
লক্ষ্য ১৫ : স্থলজ জীবন এসডিজি ১৫ হলো "স্থলজ বাস্তুতন্ত্রের পুনরুদ্ধার ও সুরক্ষা প্রদান এবং টেকসই ব্যবহারে পৃষ্ঠপোষণা, টেকসই বন ব্যবস্থাপনা, মরুকরণ প্রক্রিয়ার মোকাবেলা, ভূমির অবক্ষয় রোধ ও ভূমি সৃষ্টি প্রক্রিয়ার পুনরুজ্জীবন এবং জীববৈচিত্র হ্রাস প্রতিরোধ"।
লক্ষ্য ১৬ : শান্তি, ন্যায়বিচার ও কার্যকর প্রতিষ্ঠান এসডিজি ১৬ হলো "টেকসই উন্নয়নের জন্য শান্তিপূর্ণ ও অন্তর্ভুক্তিমূলক সমাজব্যবস্থার প্রচলন, সকলের জন্য ন্যায়বিচার প্রাপ্তির পথ সুগম করা এবং সকল স্তরে কার্যকর, জবাবদিহিতাপূর্ণ ও অন্তর্ভুক্তিমূলক প্রতিষ্ঠান বিনির্মাণ"।
লক্ষ্য ১৭ : অভীষ্ট অর্জনে অংশীদারিত্ব এসডিজি ১৭ হলো "টেকসই উন্নয়নের জন্য বৈশ্বিক অংশীদারিত্ব উজ্জীবনকরণ ও বাস্তবায়নের উপায়সমূহ শক্তিশালী করা "।

Hello BCS

24) জাতীয় প্রাথমিক শিক্ষা সপ্তাহ কত সালে প্রবর্তন করা হয়?

1) ২০১৩

2) ২০১০

✔ 3) ২০১১

4)
২০১২

ব্যাখ্যা : ‘চলো, সবাই স্কুলে যাই’ এই প্রতিপাদ্য নিয়ে ৯ জানুয়ারি ২০১১ থেকে শুরু হয়েছে 'জাতীয় প্রাথমিক শিক্ষা সপ্তাহ - ২০১১ মানব সম্পদ উন্নয়ন এবং মনুষ্যত্ব বিকাশে শিক্ষার কোন বিকল্প নাই। আর প্রাথমিক শিক্ষাই হচ্ছে সকল শিক্ষার মূল ভিত্তি।এ উপলব্ধি থেকেই "চলো, সবাই স্কুলে যাই" এই প্রতিপাদ্য নিয়ে মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিত করা ও প্রাথমিক শিক্ষা সম্পর্কে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যকে সামনে রেখে ৯ জানুয়ারি ২০১১ থেকে শুরু হয়েছে 'জাতীয় প্রাথমিক শিক্ষা সপ্তাহ - ২০১১।'

25) এসডিজি (SDG) এর কোন অভিষ্টটি প্রাথমিক শিক্ষার সাথে সম্পর্কিত?

✔ 1)
৪

2)
৫

3)
৬

4)
৭

Hello BCS

ব্যাখ্যা :

লক্ষ্য ১ : দারিদ্র্য বিলোপ এসডিজি ১ হলো "সর্বত্র সব ধরনের দারিদ্র্যের অবসান"।
লক্ষ্য ২ : ক্ষুধা মুক্তি
লক্ষ্য ৩ : সুস্বাস্থ্য ও কল্যাণ এসডিজি ৩ হলো "সকল বয়সী সকল মানুষের জন্য সুস্বাস্থ্য নিশ্চিতকরণ"
লক্ষ্য ৪ : গুনগত শিক্ষা এসডিজি ৪ হলো " সকলের জন্য অন্তর্ভূক্তিমূলক ও সমতাভিত্তিক গুনগত শিক্ষা নিশ্চিতকরণ এবং জীবনব্যাপী শিক্ষা লাভের সুযোগ সৃষ্টি "।
লক্ষ্য ৫ : লিঙ্গ সমতা এসডিজি ৫ হলো " লিঙ্গ সমতা অর্জন এবং সকল নারী ও মেয়েদের ক্ষমতায়ন "।
লক্ষ্য ৬ : নিরাপদ পানি ও পয়ঃনিষ্কাশন এসডিজি ৬ হলো "সকলের জন্য পানি ও স্যানিটেশনের টেকসই ব্যবস্থাপনা ও প্রাপ্যতা নিশ্চিত করা "।
লক্ষ্য ৭ : সাশ্রয়ী ও দূষণমুক্ত জ্বালানি এসডিজি ৭ হলো " সকলের জন্য সাশ্রয়ী, নির্ভরযোগ্য, টেকসই ও আধুনিক জ্বালানি সহজলভ্য করা "।
লক্ষ্য ৮ : শোভন কাজ ও অর্থনৈতিক প্রবৃদ্ধি এসডিজি ৮ হলো "সকলের জন্য পূর্নাঙ্গ ও উৎপাদনশীল কর্মসংস্থান এবং শোভন কর্মসুযোগ সৃষ্টি এবং স্থিতিশীল, অন্তর্ভক্তিমূলক ও টেকসই অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জন "।
লক্ষ্য ৯ : শিল্প, উদ্ভাবন ও অবকাঠামো এসডিজি ৯ হলো "অভিঘাতসহনশীল অবকাঠামো নির্মাণ, অন্তর্ভুক্তিমূলক ও টেকসই শিল্পায়নের প্রবর্ধন এবং উদ্ভাবনার প্রসারণ"।
লক্ষ্য ১০ : অসমতার হ্রাস অন্তঃ ও আন্তঃ দেশীয় অসমতা কমিয়ে আনা

লক্ষ্য ১১ : টেকসই নগর ও জনপদ এসডিজি ১১ হলো "অন্তর্ভুক্তিমূলক, নিরাপদ, অভিঘাতসহনশীল এবং টেকসই নগর ও জনবসতি গড়ে তোলা"।
লক্ষ্য ১২ : পরিমিত ভোগ ও টেকসই উৎপাদন এসডিজি ১২ হলো "পরিমিত ভোগ ও টেকসই উৎপাদনধরন নিশ্চিত করা"।
লক্ষ্য ১৩ : জলবায়ু কার্যক্রম এসডিজি ১৩ হলো "জলবায়ু পরিবর্তন ও এর প্রভাব মোকাবেলায় জরুরি কর্মব্যবস্থা গ্রহণ"।
লক্ষ্য ১৪ : জলজ জীবন এসডিজি ১৪ হলো "টেকসই উন্নয়নের জন্য সাগর, মহাসাগর ও সামুদ্রিক সম্পদের সংরক্ষণ ও টেকসই ব্যবহার"।
লক্ষ্য ১৫ : স্থলজ জীবন এসডিজি ১৫ হলো "স্থলজ বাস্তুতন্ত্রের পুনরুদ্ধার ও সুরক্ষা প্রদান এবং টেকসই ব্যবহারে পৃষ্ঠপোষণা, টেকসই বন ব্যবস্থাপনা, মরুকরণ প্রক্রিয়ার মোকাবেলা, ভূমির অবক্ষয় রোধ ও ভূমি সৃষ্টি প্রক্রিয়ার পুনরুজ্জীবন এবং জীববৈচিত্র হ্রাস প্রতিরোধ"।
লক্ষ্য ১৬ : শান্তি, ন্যায়বিচার ও কার্যকর প্রতিষ্ঠান এসডিজি ১৬ হলো "টেকসই উন্নয়নের জন্য শান্তিপূর্ণ ও অন্তর্ভুক্তিমূলক সমাজব্যবস্থার প্রচলন, সকলের জন্য ন্যায়বিচার প্রাপ্তির পথ সুগম করা এবং সকল স্তরে কার্যকর, জবাবদিহিতাপূর্ণ ও অন্তর্ভুক্তিমূলক প্রতিষ্ঠান বিনির্মাণ"।
লক্ষ্য ১৭ : অভীষ্ট অর্জনে অংশীদারিত্ব এসডিজি ১৭ হলো "টেকসই উন্নয়নের জন্য বৈশ্বিক অংশীদারিত্ব উজ্জীবনকরণ ও বাস্তবায়নের উপায়সমূহ শক্তিশালী করা "।

26) নিচের কোন গুচ্ছটি মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার দশটি উদ্যোগের অন্তর্ভুক্ত?

✔ 1)
আশ্রয়ন ও শিক্ষা সহায়তা

2)
ত্রাণ ও পুনর্বাসন

3)
নিরাপদ খাদ্য ও স্বাস্থ্য সুরক্ষা

4)
মেট্রোরেল ও রূপপুর প্রকল্প

ব্যাখ্যা :

শেখ হাসিনার ১০টি বিশেষ উদ্যোগ
আমার বাড়ি,
আমার খামার
সবার জন্য বিদ্যুৎ
শিক্ষা সহায়তা
সামাজিক নিরাপত্তা কর্মসূচি
ডিজিটাল বাংলাদেশ
বিনিয়োগ বিকাশ

Hello BCS

পরিবেশ সুরক্ষা
আশ্রয়ণ প্রকল্প
কমিউনিটি ক্লিনিক ও শিশু বিকাশ
নারীর ক্ষমতায়ন

27) প্রধান বিচারপতি নিয়োগ দেন কে?

1)
স্পীকার

2)
জাতীয় সংসদ

✔ 3)
রাষ্ট্রপতি

4)
প্রধানমন্ত্রী

ব্যাখ্যা :

বাংলাদেশের সংবিধানের ৯৫(১) অনুচ্ছেদে বলা হয়েছে- 'প্রধান বিচারপতি রাষ্ট্রপতি কর্তৃক নিযুক্ত হইবেন এবং প্রধান বিচার পতির সহিত পরামর্শ করিয়া রাষ্ট্রপতি অন্যান্য বিচারককে নিয়োগদান করিবেন।

Hello BCS

28) 'আমার দেখা নয়াচীন' কে লিখেছেন?

1)
শঙ্খ ঘোষ

✔ 2)
শেখ মুজিবুর রহমান

3)
শওকত আলী

4)
মমতাজউদ্দিন আহমেদ

ব্যাখ্যা : গ্রন্থের নাম— আমার দেখা নয়াচীন।
লেখক— শেখ মুজিবুর রহমান।
প্রথম প্রকাশ— ১ ফেব্রুয়ারি ২০২০ খ্রিস্টাব্দ (১৮ মাঘ ১৪২৬)।
গ্রন্থস্বত্ব— জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেমোরিয়াল ট্রাস্ট।

প্রচ্ছদ ও গ্রন্থ-নকশা— তারিক সুজাত।
ভূমিকা রচয়িতা— শেখ হাসিনা (৭ ডিসেম্বর ২০১৯)
বইটি ইংরেজি ভাষায় অনুবাদ করেন— অধ্যাপক ফকরুল আলম।

29) UNESCO কত সালে একুশে ফেব্রুয়ারিকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে ঘোষণা করে?

1)
১৯৯৭

✔ 2)
১৯৯৯

3)
২০০০

4)
২০০১

ব্যাখ্যা :

১৯৯৯ খ্রিস্টাব্দের ১৭ নভেম্বর অনুষ্ঠিত UNESCO প্যারিস অধিবেশনে প্রস্তাব উত্থাপন করা হয়, এতে ১৮৮টি দেশ সমর্থন জানালে একুশে ফেব্রুয়ারিকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে ঘোষণা করা হয় এবং ২০০০ সালের ২১ ফেব্রুয়ারি থেকে দিবসটি জাতিসংঘের সদস্যদেশসমূহে যথাযথ মর্যাদায় পালিত হয়ে আসছে।

Hello BCS

30) বীরশ্রেষ্ঠ মুন্সী আব্দুর রউফ এর সমাধিস্থল কোন জেলায়?

✔ 1)
রাঙ্গামাটি

2)
খাগড়াছড়ি

3)
চট্টগ্রাম

4)
ফরিদপুর

ব্যাখ্যা :

রাঙামাটির বুড়িঘাট গ্রামে পাকিস্তানি হানাদার বাহিনীর সঙ্গে সম্মুখ সমরে ১৯৭১ সালের ৮ এপ্রিল (মতান্তরে ২০ এপ্রিল) তিনি মর্টার শেলের আঘাতে শহীদ হন।

তাঁকে রাঙামাটি জেলার নানিয়ারচর উপজেলার কাপ্তাই লেকের বুড়িঘাটে একটি টিলার ওপর সমাহিত করা হয় বীরশ্রেষ্ঠ ল্যান্সনায়েক মুন্সী আব্দুর রউফকে।

31) ভৌগোলিক নির্দেশক (GI) পণ্য হিসেবে কবে বাংলাদেশের ইলিশ সনদপ্রাপ্ত হয়?

✔ 1)
১৭ আগস্ট ২০১৭

2)
২৭ জানুয়ারি ২০১৯

3)
১৭ জুন ২০২১

4)
১৭ নভেম্বর ২০১৬

ব্যাখ্যা : বাংলাদেশে নতুন করে আরও পাঁচটি পণ্য জিওগ্রাফিক্যাল আডেন্টিফিকেশন (জি - আই) বা ভৌগলিক নির্দেশক হিসেবে নিবন্ধিত হয়েছে। এ নিয়ে বাংলাদেশে মোট জিআই পণ্যের সংখ্যা বেড়ে দাঁড়ালো ৯টিতে। নতুন নিবন্ধিত জি - আই পণ্যগুলো হল, রাজশাহী সিল্ক, রংপুরের শতরঞ্জি, কালিজিরা চাল, দিনাজপুরের কাটারীভোগ চাল এবং নেত্রকোনার সাদামাটি। এর আগে, বাংলাদেশে প্রথম বারের মতো জি - আই পণ্য হিসাবে ২০১৬ সালে স্বীকৃতি পেয়েছিল জামদানি। এরপর ২০১৭ সালে ইলিশ, ২০১৯ সালে খিরসাপাতি আম, ২০২০ সালে ঢাকাই মসলিন এবং চলতি বছর ওই ৫টি পণ্যকে স্বীকৃতি দেয়া হয়। এখন থেকে এই পণ্যগুলো বাংলাদেশের নিজস্ব পণ্য হিসাবে বিশ্বে পরিচিতি পাবে।

Hello BCS

32) কত তারিখে শেখ মুজিবুর রহমানকে বঙ্গবন্ধু উপাধি দেওয়া হয়?

1)
২২ ফেব্রুয়ারি ১৯৬৯

✔ 2)
২৩ ফেব্রুয়ারি ১৯৬৯

3)
১৭ জানুয়ারি ১৯৬৮

4)
৫ জানুয়ারি ১৯৬৯

ব্যাখ্যা : শেখ মুজিবুর রহমানকে 'বঙ্গবন্ধু' উপাধি দেওয়া হয় ২৩ ফেব্রুয়ারি, ১৯৬৯। ১৯৬৯ - ‘বঙ্গবন্ধু’ উপাধি লাভ করেন শেখ মুজিবুর রহমান। কেন্দ্রীয় ছাত্র সংগ্রাম পরিষদ ১৯৬৯ সালের ২৩ ফেব্রুয়ারি শেখ মুজিবের

সম্মানে ঢাকার রেসকোর্স ময়দানে (বর্তমানে সোহরাওয়ার্দী উদ্যান) এক সভার আয়োজন করে। লাখো জনতার এই সম্মেলনে শেখ মুজিবকে 'বঙ্গবন্ধু' উপাধি দেওয়া হয়। উপাধি ঘোষণা দিয়েছিলেন তোফায়েল আহমেদ। এ সভায় রাখা বক্তৃতায় শেখ মুজিব ছাত্র সংগ্রাম পরিষদের এগার দফা দাবির পক্ষে তার পূর্ণ সমর্থন ব্যক্ত করেন।

33) বাঙালি জাতির মুক্তির সনদ ৬ দফার ২য় দফা নিচের কোনটির সাথে সম্পর্কিত?

1)
বৈদেশিক বাণিজ্য

2)
মুদ্রা বা অর্থ

3)
রাজস্ব কর

✔ 4)
কেন্দ্রীয় সরকার

ব্যাখ্যা : ছয় দফা আন্দোলন বাংলাদেশের একটি ঐতিহাসিক ও গুরুত্বপূর্ণ রাজনৈতিক ঘটনা। ১৯৬৬ সালের ৫ ও ৬ ফেব্রুয়ারি পাকিস্তানের লাহোরে অনুষ্ঠিত বিরোধী রাজনৈতিক দলগুলোর এক সম্মেলনে আওয়ামী লীগের পক্ষ থেকে শেখ মুজিবুর রহমান পূর্ব পাকিস্তানের স্বায়ত্তশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে "৬ দফা দাবি" পেশ করেন।
১৯৬৬ সালের ছয় দফা দাবিসমূহ :
প্রস্তাব - ১ : শাসনতান্ত্রিক কাঠামো ও রাষ্ট্রের প্রকৃতি।
প্রস্তাব - ২ : কেন্দ্রীয় সরকারের ক্ষমতা :
কেন্দ্রীয় (ফেডারেল) সরকারের ক্ষমতা কেবল মাত্র দু'টি ক্ষেত্রেই সীমাবদ্ধ থাকবে- যথা, দেশরক্ষা ও বৈদেশিক নীতি। অবশিষ্ট সকল বিষয়ে অঙ্গ-রাষ্ট্রগুলির ক্ষমতা থাকবে নিরঙ্কুশ।
প্রস্তাব - ৩ : মুদ্রা বা অর্থ-সম্বন্ধীয় ক্ষমতা।
প্রস্তাব - ৪ : রাজস্ব, কর, বা শুল্ক সম্বন্ধীয় ক্ষমতা।
প্রস্তাব - ৫ : বৈদেশিক বাণিজ্য বিষয়ক ক্ষমতা।
প্রস্তাব - ৬ : আঞ্চলিক সেনাবাহিনী গঠনের ক্ষমতা।

Hello BCS

34) নিচের কোন জেলাগুচ্ছ সুন্দরবন সংলগ্ন?

1)
পিরোজপুর, মাদারীপুর ও বাগেরহাট

✔ 2)
সাতক্ষীরা, বাগেরহাট ও খুলনা

3)
বাগেরহাট, নড়াইল ও ঝিনাইদহ

4)
বরিশাল, খুলনা ও সাতক্ষীরা

ব্যাখ্যা : সুন্দরবন পৃথিবীর সবচেয়ে বড় ম্যানগ্রোভ বন বা লবণাক্ত বনাঞ্চল। সুন্দরবনের মোট আয়তন প্রায় ১০ হাজার বর্গ কিলোমিটার, যা যৌথভাবে বাংলাদেশ ও ভারতের মধ্যে অবস্থিত। সুন্দরবনের বাংলাদেশ অংশের আয়তন ৬, ০১৭ বর্গ কিলোমিটার। খুলনা , সাতক্ষীরা, বাগেরহাট, পটুয়াখালি ও বরগুনা জেলার অংশ নিয়েই বাংলাদেশের সুন্দরবন। ভারতের সুন্দরবন পশ্চিমবঙ্গের দক্ষিণ ২৪ পরগণা জেলা ও উত্তর ২৪ পরগণা জেলা নিয়ে গঠিত। বাগ সাতারে খুব পটু= বাগেরহাট, সাতক্ষীরা,খুলনা, বরগুনা, পটুয়াখালী।

35) বাংলাদেশে বর্তমানে কততম পঞ্চবার্ষিকী পরিকল্পনা বাস্তবায়নাধীন?

1)
ষষ্ঠ

2)
সপ্তম

✔ 3)
অষ্টম

4)
নবম

Hello BCS

ব্যাখ্যা :

পঞ্চবার্ষিকী পরিকল্পনাসমূহের মেয়াদ

পরিকল্পনা	মেয়াদ	পরিকল্পনা	মেয়াদ
প্রথম	১ জুলাই, ১৯৭৩-৩০ জুন, ১৯৭৮	পঞ্চম	১৯৯৭-২০০২
দ্বিতীয়	১৯৮০-১৯৮৫	ষষ্ঠ	২০১১-২০১৫
তৃতীয়	১৯৮৫-১৯৯০	সপ্তম	২০১৬-২০২০
চতুর্থ	১৯৯০-১৯৯৫	**অষ্টম**	**১ জুলাই, ২০২১-৩০ জুন,২০২৫**

36) ৬ ফুট অন্তর বৃক্ষের চারা রোপন করা হলে ১০০ গজ দীর্ঘ রাস্তায় সর্বোচ্চ কত-

1)
৭

2)

৫০

✔ 3)
৫১

4)
৬০

ব্যাখ্যা :

১ গজ = ৩ ফুট
১০০ গজ = ৩০০ ফুট
৩০০/৬ = ৫০

সর্বোচ্চ গাছ লাগানো যাবে- ৫০ + ১ = ৫১টি।
কারণ, শুরুতে একটি গাছ লাগানো হবে।

37) একটি ট্রেন ৭২ কিলোমিটার গতিতে একটি সেতু ১ মিটার পার হলো। ট্রেনের দৈর্ঘ্য ৭০০ মিটার হলে সেতুটির দৈর্ঘ্য কত মিটার?

1)
৭২০

2)
১২০০

✔ 3)
৫০০

4)
৬০০

Hello BCS

ব্যাখ্যা :

ট্রেনের গতি ৭২ কিলোমিটার/ঘণ্টা অর্থাৎ
৬০ মিনিটে ট্রেনটি যায় = ৭২,০০০ মিটার
১ মিনিটে ট্রেনটি যায়= ৭২০০০ / ৬০ = ১,২০০ মিটার
∴ সেতুটির দৈর্ঘ্য = ১২০০- ৭০০ = ৫০০ মিটার।

38) ০৪ থেকে ৮৪ পর্যন্ত ৪ দ্বারা বিভাজ্য সংখ্যাগুলোর বড় হতে ছোট হিসেবে সাজালে ৮ম সংখ্যাটি কত হবে?

1)

কোনটিই নয়

✔ 2)
৫৬

3)
৬০

4)
৩২

ব্যাখ্যা :

০৪ থেকে ৮৪ পর্যন্ত ৪ দ্বারা বিভাজ্য সংখ্যাগুলো = ৮৪, ৮০, ৭৬, ৭২, ৬৮, ৬৪, ৬০, **৫৬,** ৫২

39) চার অংকের বৃহত্তম সংখ্যা হতে তিন অংকের ক্ষুদ্রতম সংখ্যা বিয়োগ করলে বিয়োগফল কত হবে?

1)
৮৮৯৮

✔ 2)
৯৮৯৯

3)
৯৯৯৯

4)
৯১৯৯

ব্যাখ্যা :

চার অংকের বৃহত্তম সংখ্যা = ৯৯৯৯
তিন অংকের ক্ষুদ্রতম সংখ্যা = ১০০
নির্ণেয় সংখ্যাটি = ৯৯৯৯- ১০০ = ৯৮৯৯

40) ০.০০০১ এর বর্গমূল কোনটি?

✔ 1)
০.০১

2)
১

Hello BCS

3)
.২

4)
.১

ব্যাখ্যা :

√০.০০০১ = ০.০১

41) ৭ সেমি ব্যাসার্ধ বিশিষ্ট অন্তর্নিহিত বর্গক্ষেত্রের ক্ষেত্রফল কত বর্গ সেমি?

1)
১৯৬

✔ 2)
৯৮

3)
৯৬

4)
১৯২

Hello BCS

ব্যাখ্যা :

ধরি,
বর্গক্ষেত্রের বাহুর দৈর্ঘ্য = a
∴ বর্গক্ষেত্রের কর্ণের দৈর্ঘ্য = √2a এবং
বর্গক্ষেত্রের ক্ষেত্রফল = a^2

শর্তমতে,
√2a = (7×2)
বা, a = 7√2
∴ $a^2 = (7\sqrt{2})^2 = 98$

42) ৪৮ সংখ্যাটি কোন সংখ্যার ৮০%?

1)
৫০

✔ 2)

৬০

3)
৭০

4)
৮০

ব্যাখ্যা : আমরা ধরে নেই,
সংখ্যাটি = x
প্রশ্নমতে,
৪৮ = x এর ৮০%
বা, ৪৮ = ৪x ÷ ৫
বা, x = (৫ * ৪৮) ÷ ৪
∴ x = ৬০
তাহলে উত্তরটি হলো ৬০।

43) নিচের কোনটি মৌলিক সংখ্যা?

1)
৯১

2)
৮৭

3)
৬৩

✔ 4)
৫৯

ব্যাখ্যা :

- মৌলিক সংখ্যা হলো সেই সংখ্যা যাকে শুধুমাত্র ১ এবং ওই সংখ্যা দিয়ে ভাগ করা যায়।
- এখানে ৫৯ কে শুধু ১ ও ৫৯ দ্বারা ভাগ করা যায়। তাই ৫৯ একটি মৌলিক সংখ্যা।

44) একটি আয়তক্ষেত্র ও একটি বর্গক্ষেত্রের পরিসীমা সমান। আবার আয়তক্ষেত্র বড় বাহু ছোট বাহুর ৩ গুণ। বড় বাহু ২১ মিটার হলে বর্গক্ষেত্রের বাহুর দৈর্ঘ্য কত?

1)
২১ মিটার

Hello BCS

2)
৫৬ মিটার

3)
৭ মিটার

✔ 4)
১৪ মিটার

ব্যাখ্যা :

আয়তক্ষেত্রের বড় বাহু= 21 মিটার।
আয়তক্ষেত্রের ছোট বাহু = 21/3= 7 মিটার

আয়তক্ষেত্রের পরিসীমা = 2 (21+7) = 56
বর্গক্ষেত্রের পরিসীমা = 56 = 4a
বর্গক্ষেত্রের এক বাহু = 56/4 = 14

45) 2x = 3y + 5 হলে 4x - 6y = কত?

✔ 1)
10

2)
15

3)
20

4)
12

ব্যাখ্যা : দেওয়া আছে,
2x = 3y + 5
= > 2x - 3y = 5
= > 2(2x - 3y) = 5 x 2
= > 4x - 6y = 10

46) ৮, ১১, ১৭, ২৯, ৫৩,.... পরবর্তী সংখ্যাটি কত?

1)
৫৯

Hello BCS

✔ 2)
১০১

3)
৭৫

4)
১০২

ব্যাখ্যা :

৮, ১১, ১৭, ২৯, ৫৩,....
ব্যবধান যথাক্রমে- ৩, ৬, ১২, ২৪, ৪৮
সংখ্যাটি হবে = ৫৩ + ৪৮ = ১০১

47) রহিম একটি পরীক্ষায় ইংরেজি ও গণিতে মোট ১৮০ নম্বর পেয়েছে। ইংরেজি অপেক্ষা গণিতে ১৪ নম্বর বেশি পেলে গণিতে কত নম্বর পেয়েছে?

✔ 1)
97

2)
83

3)
87

4)
93

ব্যাখ্যা :

ইংরেজিতে পেয়েছে = x নম্বর।
গণিতে পেয়েছে = x + 14 নম্বর।

শর্তমতে,
$x + x + 14 = 180$
$\Rightarrow 2x = 166$
$\therefore x = 83$

তাহলে, গণিতে নম্বর পেয়েছে = 83 + 14 = 97

Hello BCS

48) একটি বর্গাকার বাগানের ক্ষেত্রফল ১ হেক্টর হলে বাগানটির পরিসীমা কত?

1)
২০০ মিটার

2)
৫০০ মিটার

✔ 3)
৪০০ মিটার

4)
৩০০ মিটার

ব্যাখ্যা :

ধরি,
বাগানের দৈর্ঘ্য a মিটার
" ক্ষেত্রফল a^2 বর্গমিটার

প্রশ্নমতে,
a^2 = ১০০০০ [১ হেক্টর = ১০০০০ বর্গমিটার]
⇒ x = √(১০০০০)
∴ x = ১০০

তাহলে, বাগানের পরিসীমা ৪x মিটার = (৪ × ১০০) " = ৪০০ মিটার

Hello BCS

49) কোন ক্ষুদ্রতম সংখ্যাকে ৩,৫ ও ৬ দ্বারা ভাগ করলে ভাগশেষ হবে ১?

✔ 1)
৩১

2)
৩৯

3)
৭১

4)
৪১

ব্যাখ্যা :

৩, ৫ ও ৬ এর ল.সা.গু = ৩০
ক্ষুদ্রতম সংখ্যাটি = ৩০ + ১ = ৩১।

50) 32 এর 2 লগভিত্তিক লগারিদম কত?

1) 6

2) 3

3) 4

✔ 4) 5

ব্যাখ্যা :

$\log_2 32$
$= \log_2 2^5$
$= 5 \times 1$ [$\because \log_a a = 1$]
$= 5$

Hello BCS

51) একটি চাকুরিজীবীর বেতন ১৫% বৃদ্ধি পেয়ে ৫৭৫০ টাকা হলে পূর্বের বেতন কত টাকা ছিল?

1) ৫৫৫০

2) ৪৭৫০

✔ 3) ৫০০০

4) ৫২৫০

ব্যাখ্যা :

বর্তমান বেতন ১১৫ টাকা হলে পূর্বের বেতন ১০০ টাকা
∴ বর্তমান বেতন ১ টাকা হলে পূর্বের বেতন ১০০/১১৫ টাকা।
∴ বর্তমান বেতন ৫৭৫০ টাকা হলে পূর্বের বেতন ১০০ × ৫৭৫০ / ১১৫ টাকা

= ৫০০০ টাকা।

52) প্রথম ১০টি বিজোড় সংখ্যার যোগফল কত?

1)
৮১

2)
১০০০

3)
১০৯

✔ 4)
১০০

ব্যাখ্যা :

১ + ৩ + ৫ + ৭ + ৯ + ১১ + ১৩ + ১৫ + ১৭ + ১৯ = ১০০

53) x > y এবং z < 0 হলে নিচের কোনটি সঠিক?

1)
z/x < z/y

✔ 2)
xz < yz

3)
xz > yz

4)
x/z > y/z

ব্যাখ্যা :

x>y এবং z<0 অর্থাৎ z ঋণাত্মক সংখ্যা।
ঋণাত্মক সংখ্যা দ্বারা অসমতাকে গুণ করা হলে তার চিহ্ন উল্টে যায়। .
'. xz<yz অসমতাটি সঠিক।

54) x + y = 12 এবং x - y = 2 হলে xy এর মান কত?

1)

Hello BCS

45

2)
30

3)
40

✔ 4)
35

ব্যাখ্যা :

$xy = \{(x+y)^2 - (x-y)^2\}/4$
বা, $xy = \{(12)^2 - (2)^2\}/4$
বা, $xy = (144-4)/4$
বা, $xy = 140/4$
$\therefore xy=35$

55) BIMSTEC এর সদর দপ্তর কোথায় অবস্থিত?

1)
ব্যাংকক

2)
থিম্পু

✔ 3)
ঢাকা

4)
দিল্লী

Hello BCS

ব্যাখ্যা :

BIMSTEC	
পূর্ণরূপ	*Bay of Bengal Initiative for Multi sectoral Technical & Economic Co-operation.*
প্রতিষ্ঠা	১৯৯৭
সদর দপ্তর	ঢাকা
পরবর্তী সম্মেলন	২০২২ সালে FAO'র BIMSTEC'র ৩৬ তম এশিয়া-প্যাসেফিক আঞ্চলিক সম্মেলন বাংলাদেশে অনুষ্ঠিত হবে।
পূর্বনাম ও সদস্য	
প্রতিষ্ঠাকালীন নাম	*BISTEC (Bangladesh India, Srilanka, Thailand Economic Cooperation)*
প্রতিষ্ঠাকালীন সদস্য	*প্রতিষ্ঠাকালীন সংস্থাটির সদস্য ছিল চারটি। এর পর মিয়ানমার যোগ দিলে সংস্থাটির নাম হয়- BIMSTEC. তখন সদস্য হয় ৫টি।*
বর্তমান সদস্য	*সর্বশেষে নেপাল ও ভুটান যোগ দিলে সংস্থাটির সংক্ষিপ্ত রূপ পরিবর্তন না হলেও পূর্ণরূপ পরিবর্তিত হয়। বর্তমান সদস্য দেশ ৭টি।*

Hello BCS

56) জাতিসংঘ ঘোষিত বিশ্ব অটিস্টিট সচেতনতা দিবস পালিত হয় ____

1)
৪ মে

✔ 2)
২ এপ্রিল

3)
৪ এপ্রিল

4)
২ মে

ব্যাখ্যা :

২ এপ্রিল : বিশ্ব অটিজম সচেতনতা দিবস- (জাতিসংঘ ঘোষিত)

57) পানিতে কোন রাসায়নিক উপাদানের আধিক্যে শ্যাওলা জন্মে?

1)
সালফেট ও নাইট্রেট

✔ 2)
ফসফেট ও নাইট্রোজেন

3)
পটাশিয়াম ও ক্যালসিয়াম

4)
ম্যাগনেশিয়াম ও ফসফরাস

ব্যাখ্যা :

পানিতে ফসফেট ও নাইট্রোজেন খুব বেড়ে গেলে শ্যাওলা জন্মায়।

58) বুদ্ধাঙ্ক (IQ) পরিমাপ অনুযায়ী প্রতিভাবানদের বুদ্ধাঙ্ক মাত্রা-

1)
IQ > 90

2)
IQ > 100

✔ 3)
IQ > 130

4)
IQ > 150

Hello BCS

ব্যাখ্যা :

IQ হল Intelligence Quotient এর সংক্ষিপ্ত রূপ। সহজ বাংলায় যার অর্থ বুদ্ধির মাত্রা। বুদ্ধাঙ্ক— বুদ্ধাঙ্ক হচ্ছে ব্যক্তির মানসিক বয়সের সাথে সময়ানুক্রমিক বয়স বা প্রকৃত বয়সের অনুপাত।
বুদ্ধাঙ্ক (IQ) = মানসিক বয়স/ প্রকৃত বয়স X১০০ আইকিউ টেস্টে সাধারণত এমন কিছু প্রশ্ন দেওয়া হয়, যেখানে প্রাতিষ্ঠানিক জ্ঞান বা সাধারণ জ্ঞানের প্রয়োজন হয় না। বিচক্ষণতা, দ্রুততা ও বুদ্ধিবৃত্তিক উত্তর প্রদানের ক্ষমতার ওপর ভিত্তি করে আইকিউ নির্ধারণ করা হয়।

A Breakdown of IQ Scores The average score on an IQ test is 100. These labels are often given for IQ scores:

1 to 24: Profound mental disability

25 to 39: Severe mental disability

40 to 54: Moderate mental disability

55 to 69: Mild mental disability

70 to 84: Borderline mental disability

85 to 114: Average intelligence

115 to 129: Above average or bright

130 to 144: Moderately gifted

145 to 159: Highly gifted

160 to 179: Exceptionally gifted 180 and up: Profoundly gifted

Hello BCS

59) "রূপসার ঘোলা জলে হয়তো কিশোর এক সাদা ছেঁড়া পালে ডিঙ্গা বায়" কবিতার চরণে কবি কোন রূপসার কথা বলেছেন?

1)
রূপসী ডিঙ্গা

2)
রূপসী বাংলা

✔ 3)
রূপসা নদী

4)
গ্রাম বাংলার নদী

ব্যাখ্যা :

"রূপসার ঘোলা জলে হয়তো কিশোর এক সাদা ছেঁড়া পালে ডিঙ্গা বায়" কবিতার চরণে কবি রূপসা নদীর' কথা বলেছেন।

60) 'অনির্বচনীয়' শব্দের অর্থ কী?

1)
সুনিশ্চিত

2)
নির্বাচনযোগ্য নয়

✔ 3)
বর্ণনাতীত

4)
অনিশ্চিত

ব্যাখ্যা :

'যা কথায় বর্ণনা করা যায় না বা প্রকাশ করা যায় না ' তাকে এককথায় বলা হয়- অনির্বচনীয়/ বর্ণনাতীত।

61) কার্যে বিরতি অর্থে কোন বাগধারাটি ব্যবহৃত হয়?

1)
হাত করা

✔ 2)
হাত গুটান

3)
হাত থাকা

4)
হাত আসা

ব্যাখ্যা :

কার্যে বিরতি অর্থে 'হাত গুটান' বাগধারাটি ব্যবহৃত হয়।

62) টর্নেডো শব্দটি এসেছে_____

1)
Toonida

2)
Tuinoda

Hello BCS

3)
Tonada

✔ 4)
Tornada

ব্যাখ্যা :

"টর্নেডো" শব্দটি বাংলা ভাষায় এসেছে ইংরেজি ভাষার tornado শব্দের মাধ্যমে। এই শব্দটা এসেছে স্পেনীয় অপভ্রংশ ত্রোনাদা থেকে, যার অর্থ "বজ্রসম্পন্ন ঝড়"।

63) কালবৈশাখীর ইংরেজি _____

1)
Drake Westerlies

2)
West Westerlies

✔ 3)
North Westerlies

4)
Black Westerlics

Hello BCS

ব্যাখ্যা : কাল শব্দের অর্থ ধ্বংস এবং বৈশাখ মাসে উৎপত্তি হয় বলে একে কালবৈশাখী নামে অভিহিত করা হয়। গ্রীষ্মকালে বা এপ্রিল–মে(বৈশাখ–জৈষ্ঠ্য) মাসে বাংলাদেশ ও পার্শ্ববর্তী অঞ্চলে মাঝে মধ্যে বিকালের দিকে বজ্রবিদ্যুৎসহ যে প্রচন্ড ঝড়বৃষ্টিপাত কোনো কোনো সময় শিলাবৃষ্টিও হয় তাকে কালবৈশাখী বলে।
কালবৈশাখী ঝড় উত্তর – পশ্চিম দিক থেকে প্রবাহিত হয় বলে একে ইংরেজিতে নরওয়েস্টার (Norwester) বা, North Westerlies বলা হয়।
কালবৈশাখীর বায়ুর গড় গতিবেগ ঘন্টায় ৪০ থেকে ৬০ কিমি। কোনো কোনো ক্ষেত্রে এ গতিবেগ ঘন্টায় ১০০ কিমি-এর বেশিও হতে পারে।
কালবৈশাখীর স্থায়িত্বকাল স্বল্পতর, তবে কখনও কখনও এ ঝড় এক ঘন্টারও বেশিকাল স্থায়ী হয়।
প্রভাবিত অঞ্চলের উষ্ণতা ৫°C – ১০°C হ্রাস পায় ।

64) 'প্রাণের বান্ধব রে বুড়ি হইলাম তোর কারণে' গানটির গীতিকার ____

✔ 1)
শেখ ওয়াহিদ

2)
কিরণ রায়

3)
শাহ আব্দুল করিম

4)
কাঙ্গালিনী সুফিয়া

ব্যাখ্যা :

প্রশ্নোল্লিখিত গানটির গীতিকার শেখ ওয়াহিদুর রহমান। 'আমার মাটির গাছে লাউ ধরেছে' কাঙ্গালিনী সুফিয়ার বিখ্যাত 'পরানের বান্ধবরে -বুড়ি হইলাম তোর কারণে' কিংবা ডলি সায়ন্তিনীর কণ্ঠে 'কোন বা পথে নিতাইগঞ্জ যাই'সহ অসংখ্য জনপ্রিয় লোকগীতির গীতিকার তিনি।

65) কাজী নজরুল ইসলাম রচিত গল্পগ্রন্থ কোনটি?

✔ 1)
পদ্মগোখরা

2)
পদ্মপুরাণ

3)
পদ্মাবতী

4)
পদ্মরাগ

Hello BCS

ব্যাখ্যা :

কাজী নজরুল ইসলামের গল্পগ্রন্থসমূহ- ব্যাথার দান, রিক্তের বেদন ও শিউলিমালা। শিউলিমালা গল্পগ্রন্থের গল্প হচ্ছে ‘পদ্মগোখরা’।

66) 'মেধাবী' শব্দের প্রকৃতি প্রত্যয় নিচের কোনটি?

✔ 1)
মেধা + বিন

2)
মেধা + বি

3)
মেধা + বী

4)

মেধা + আবী

ব্যাখ্যা :

বিন (বী) প্রত্যয়- আছে অর্থে বিশেষণ গঠনে বিন (বী) প্রত্যয় ব্যবহৃত হয়। যেমন- মেধা + বিন্ = মেধাবী, মায়া + বিন্ (বী) = মায়াবী ইত্যাদি।

67) ‘অনুগমন’ শব্দের ব্যাসবাক্য নিচের কোনটি?

✔ 1)
গমনের পশ্চাৎ

2)
গমনের অগ্র

3)
অনুরূপ গমন

4)
পরস্পর গমন

ব্যাখ্যা :

পশ্চাৎ (অনু)
পশ্চাৎ গমন/গমনের পশ্চাৎ = অনুগমন
পশ্চাৎ ধাবন = অনুধাবন
অনুতে যে তাপ = অনুতাপ
তাপের পশ্চাৎ = অনুতাপ
মানের পশ্চাৎ = অনুমান

Hello BCS

68) 'সকালে উঠিয়া আমি মনে মনে বলি, সারাদিন আমি যেন ভালো হয়ে চলি" পঙক্তিটি কার?

✔ 1)
মদনমোহন তর্কালঙ্কার

2)
কালি প্রসন্ন সিংহ

3)
ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর

4)
অক্ষয়কুমার দত্ত

ব্যাখ্যা :

মদনমোহন তর্কালঙ্কার (১৮১৭-১৮৫৮) এর বিখ্যাত উক্তি-

সকালে উঠিয়া আমি মনে মনে বলি, সারাদিন আমি যেন ভালো হয়ে চলি" (আমার পণ) [৪০তম বিসিএস)]

পাখি সব করে রব রাতি পোহাইল। কাননে কুসুমকলি সকলি ফুটিল। (২৭তম বিসিএস)

69) "আমার ঘরের চাবি পরের হাতে" গানটির রচয়িতা কে?

✔ 1)
লালন শাহ

2)
হাসন রাজা

3)
পাগলা কানন

4)
রাধারমণ দত্ত

Hello BCS

ব্যাখ্যা :

লালন সাঁই রচিত কয়েকটি জনপ্রিয় গান-
'আমার ঘরের চাবি পরের হাতে'
খাঁচার ভিতর অচিন পাখি'
'বাড়ির কাছে আরশী নগর '
'আমার ঘরখানায় কে বিরাজ করে,
সময় গেলে সাধন হবে না।

অন্যদিকে মরমি কবি হাসন রাজার কয়েকটি জনপ্রিয় গান- 'লোকে বলে বলেরে' বাউলা কে বানাইলো রে ' 'সোনা বন্ধে আমারে দেওয়ানা বানাইলো' পাগলা কানাই ছিলেন প্রতিদ্বন্দ্বিমূলক ও আধ্যাত্মিক গানে পারদর্শী এবং রাধারমণ দত্ত হলেন ধামাইল গানের প্রবক্তা।

70) কোন শব্দটি শুদ্ধ বানানে লেখা হয়েছে?

1)
ভূবন

2)
শূণ্য

✔ 3)
ত্রিভুজ

4)
পূন্য

ব্যাখ্যা :

অপশনে শুদ্ধ বানানটি হচ্ছে ত্রিভুজ। অন্যান্য শব্দের শুদ্ধ বানানগুলো হলো--
ভূবন ⇨ ভুবন
শূণ্য ⇨ শূন্য
পূণ্য ⇨ পুণ্য

Hello BCS

71) "মাতৃভাষায় যাহার ভক্তি নাই সে মানুষ নহে' উক্তিটি কার?

1)
মুনীর চৌধুরী

2)
হুমায়ুন আজাদ

✔ 3)
মীর মশাররফ হোসেন

4)
স্বর্ণকুমারী দেবী

ব্যাখ্যা : বাংলার প্রথম মুসলিম ঔপন্যাসিক মীর মশাররফ হোসেনের বিখ্যাত উক্তি-
"মাতৃভাষায় যাহার ভক্তি নাই সে মানুষ নহে' (৩৭তম বিসিএস)
"মুখে অনেকেই টাকা অতি তুচ্ছ, অর্থ অনর্থের মূল বলিয়া থাকেন ; কিন্তু জগত এমনই এক ভয়ানক স্থান যে, টাকা না থাকিলে তাহার স্থান কোথাও নাই, সমাজে নাই, স্বজাতির নিকটে নাই, ভ্রাতা ভগ্নীর নিকট কথাটার প্রত্যাশা নাই"

72) ব্যবহারকারী সংখ্যা বিবেচনায় বাংলা ভাষা বিশ্বের কততম প্রধান ভাষা?

✔ 1)
ষষ্ঠ

2)
সপ্তম

3)
চতুর্থ

4)
পঞ্চম

ব্যাখ্যা :

বিশ্ব ভাষা চিত্র সূচক - ২০২২ মোতাবেক, ব্যবহারকারী সংখ্যা বিবেচনায় বাংলা ভাষা- ষষ্ঠ।

73) কল কল রবে নদী বইছে। এখানে 'কল কল' কোন অব্যয়?

1)
সমুচ্চয়ী অব্যয়

2)
অনুসর্গ

3)
অনন্বয়ী অব্যয়

✔ 4)
অনুকার অব্যয়

ব্যাখ্যা :

অনুকার অব্যয়-

যে সকল অব্যয় অব্যক্ত রব, শব্দ বা ধ্বনির অনুকরণে গঠিত হয়, সেগুলোকে অনুকার বা ধ্বন্যাত্মক অব্যয় বলে। যেমন- কল কল রবে নদী বইছে। এখানে 'কল কল' হচ্ছে অনুকার অব্যয়।

মেগের গর্জন - গুড় গুড়

Hello BCS

স্রোতের ধ্বনি - কল কল

বজ্রের ধ্বনি- কড় কড়

বাতাসের গতি - শন শন প্রভৃতি।

74) 'গৌরব' শব্দের প্রকৃতি প্রত্যয় নিচের কোনটি?

1)
গৌর + অব

2)
গুরু + অব

3)
গুরু + ধ্বঃ

✔ 4)
গুরু + ষ্ণ

ব্যাখ্যা : ষ্ণ (অ) প্রত্যয় [ষ্ণ (অ) যোগে গঠিত মূল স্বরের বৃদ্ধি হয়।
অপত্য অর্থে
মনু + ষ্ণ = মানব
যদু + ষ্ণ = যাদব
উপাসক অর্থে
শিব + ষ্ণ = শৈব,
জিন + ষ্ণ = জৈন।
এরূপ : শক্তি-শাক্ত, বুদ্ধ- বৌদ্ধ, বিষ্ণু-বৈষ্ণব।
ভাব অর্থে
শিশু + ষ্ণ = শৈশব
গুরু + ষ্ণ = গৌরব,
কিশোর + ষ্ণ = কৈশোর
সম্পর্ক বোঝাতে
পৃথিবী + ষ্ণ = পার্থিব,
দেব + ষ্ণ = দৈব,
চিত্র (একটি নক্ষত্রের নাম) + ষ্ণ = চৈত্র,
সর্বভূমি + ষ্ণ = সার্বভৌম ।
নিপাতনে সিদ্ধ সন্ধি
সূর্য + ষ্ণ = সৌর [১৫তম শিক্ষক নিবন্ধন : ১৯] [সাধারণ নিয়ম অনুযায়ী সুর + ষ্ণ (অ) = সৌর]

Hello BCS

75) নিচের কোন বাক্যটি শুদ্ধ?

1)
সূর্য পূর্ব দিকে উদয়মান হয়

2)
সূর্য পূর্ব দিকে উদিয়মান হয়

3)
সূর্য পূর্ব দিকে উদয় হয়

✔ 4)
সূর্য পূর্ব দিকে উদিত হয়

ব্যাখ্যা :

প্রদত্ত অপশনে থাকা শুদ্ধ বাক্যটি হলো- সূর্য পূর্ব দিকে উদিত হয়।

76) 'যার বংশ পরিচয় এবং স্বভাব কেউ জানে না' বাক্যটির বাক্যসংকোচন নিচের কোনটি?

✔ 1)
অজ্ঞাতকুলশীল

2)
বংশপরিচয়হীন

3)
কূলবংশহীন

4)
অজ্ঞাতকুলীন

ব্যাখ্যা :

যার বংশ পরিচয় এবং স্বভাব কেউ জানে না' বাক্যটির বাক্যসংকোচন হলো- অজ্ঞানকুলশীল।

77) নিচের কোনটি বিদেশি শব্দ?

1)
কান

2)
কাজ

Hello BCS

3)
কাঁচি

✔ 4)
কলম

ব্যাখ্যা :

কলম বিদেশী শব্দ। কাঁচি, কান, কাজ দেশী শব্দ।

78) খনার বচনে প্রাধান্য পেয়েছে -

1)
শিল্প

✔ 2)
কৃষি

3)
সাহিত্য

4)
বিজ্ঞান

Hello BCS

ব্যাখ্যা :

মধ্যযুগের কৃষি কাজের উপযোগী সাহিত্য হলো ডাক ও খনার বচন। খনার বচনের মূলভাব হলো শুদ্ধ জীবনযাপন রীতি, কেউ কেউ এর মূলভাব হিসেবে 'সামাজিক মঙ্গলবোধ' মনে করেন।

79) 'আবাহন' শব্দের বিপরীত শব্দ কোনটি?

1)
আরোহন

2)
মিলন

✔ 3)
বিসর্জন

4)
স্নান

ব্যাখ্যা :

কিছু বিপরীত শব্দ-
আবাহন - বিসর্জন
আরোহন - অবরোহন
মিলন- বিরহ

80) 'অহরহ' শব্দের সন্ধিবিচ্ছেদ কোনটি?

1)
অহ + রহঃ

2)
অহ + অঃহ

✔ 3)
অহঃ + অহ

4)
অহঃ + রহ

ব্যাখ্যা :

পূর্বপদের শেষে বিসর্গ (ঃ) থাকলে এবং পরপদে বর্গের স্বরবর্ণ, তৃতীয়, চতুর্থ ও পঞ্চম বর্ণ কিংবা য, র, ল, ব, হ থাকলে অ-কারের পরস্থিত র-জাত বিসর্গের স্থানে র্ হয় এবং তা পরপদের আদ্যবর্ণের সাথে যুক্ত হয়। যেমন- অহঃ + অহ = অহরহ, নিঃ + গত = নির্গত।

Hello BCS